FREE DOCTOR · NOV 2026 · ফ্রিজে লাগিয়ে রাখুন

১৬২৬৩: ফোনে সরকারি ডাক্তার

স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য বাতায়ন। ডাক্তারের কোনো ফি নেই, আর নভেম্বর ২০২৬ এ নিজে কল দিয়ে দেখেছি, ব্যালেন্স থেকে এক টাকাও কাটেনি।

16263

দিন রাত চব্বিশ ঘণ্টা, MBBS ডাক্তার

এখনই phone এ save করুন, নাম দিন "সরকারি ডাক্তার"

১
16263 এ কল দিন

২
শুরুতে রেকর্ড করা মেসেজ শুনুন

৩
ডাক্তারের জন্য **0** চাপুন

৪
prescription আসে আপনার ফোনে, SMS এ

কল দেওয়ার আগে লিখে রাখুন

রোগীর বয়স	
ওজন	
কবে থেকে, কী সমস্যা	
এখন কোন ওষুধ চলছে	
জ্বর হলে কত, কখন মাপা	

লাইন busy হলে

- নভেম্বর ২০২৬ এ আমি দুই দিন কল দিয়েছি। প্রতিবার প্রায় পাঁচ মিনিট লাইনে থাকার পর কল কেটে গেছে, ডাক্তার ধরেননি।
- The Daily Star (২৫ জুন ২০২৬): দিনে ৫,০০০ থেকে ৬,০০০ কল আসে, ধরা যাচ্ছে ৩,০০০ থেকে ৩,৫০০। জনবল ৪০ থেকে ৫০% কমেছে।
- তাই একবার কেটে গেলে আবার কল দিন। অপেক্ষা করার সময় না থাকলে নিচের নিয়ম।

999

বুকে ব্যথা, অজ্ঞান, শ্বাসকষ্ট, অ্যাক্সিডেন্ট: 16263 না, সোজা 999।

ফোনের ডাক্তার বাসায় আসতে পারবেন না। 999 জাতীয় জরুরি সেবা, ওখান থেকে অ্যাম্বুলেন্স আসে।

ফোনের পরামর্শ হাসপাতালের বিকল্প না। ডাক্তার হাসপাতালে যেতে বললে দেরি করবেন না।

সূত্র

- The Daily Star, 25 June 2026, "National health hotline going cold": thedailystar.net/news/bangladesh/news/national-health-hotline-going-cold-4207746

- স্বাস্থ্য অধিদপ্তর, ৭৬২৬৩ পাতা: dghs.gov.bd/pages/news/6922dc3e933eb65569e0f3c2
- প্রথম আলো, ২৮ জানুয়ারি ২০২৬: prothomalo.com/bangladesh/ap8hhf4gra
- শূন্য চাপা, ফ্রি কল আর লাইন কেটে যাওয়া: নিজে কল দিয়ে দেখা, নভেম্বর ২০২৬